

কম্পিউটার ক্রয় কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, বাঘারপাড়া, যশোর এর সভার কার্য-বিবরণী :

স্থান : উপজেলা সমবায় অফিসার এর অফিস কক্ষ।

তারিখ : ০২/৩/২০২০ খ্রিঃ।

সময় : ৪.৩০ ঘটিকায়।

সভার উপস্থিতি তালিকা :

ক্রঃ নং	কর্মকর্তাগণের দপ্তরের নাম ও পদবী	স্বাক্ষর ও তারিখ
১	মোঃ কামরুজ্জামান শিকদার, উপজেলা নির্বাচন অফিসার, বাঘারপাড়া, যশোর	স্বাক্ষরিত
২	অজয় কুমার পাল, সহকারী প্রোগ্রামার(ICT), উপজেলা তথ্য ও প্রযুক্তি দপ্তর, বাঘারপাড়া, যশোর	স্বাক্ষরিত
৩	মোঃ জাহিদুর রহমান, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, বাঘারপাড়া, যশোর।	স্বাক্ষরিত

জনাব মোঃ কামরুজ্জামান শিকদার, উপজেলা নির্বাচন অফিসার, বাঘারপাড়া, যশোর ও সভাপতি কম্পিউটার ক্রয় কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, বাঘারপাড়া, যশোর এর সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হলো।

১। আলোচ্য বিষয় : বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

গৃহীত সিদ্ধান্ত : সভায় বিগত ২৪/০২/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী পাঠিত হল এবং সর্বসম্মতভাবে তা দৃঢ়করণ করা হল।

২। আলোচ্য বিষয় : উপজেলা সমবায় কার্যালয়, বাঘারপাড়া, যশোর এর দাপ্তরিক ব্যবহারের জন্য বিগত ২৫/২/২০২০ খ্রিঃ তারিখে জারীকৃত কম্পিউটার ক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে প্রাপ্ত দরপত্রগুলি উন্মুক্তকরণ ও যাচাই-বাছাই করতঃ সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা : উপজেলা সমবায় কার্যালয়, বাঘারপাড়া, যশোর এর কম্পিউটার ক্রয় কমিটির আহবানকৃত কম্পিউটার ক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে ০৩ (তিন) জন কম্পিউটার ব্যবসায়ীর নিকট থেকে ০৩(তিন) টি সীলমোহরকৃত দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রগুলি যাচাই-বাছাই করে-সঠিক পাওয়া গেল।

দরপত্রগুলির তুলনামূলক বিবরণী বিশ্লেষণ : প্রাপ্ত দরপত্রগুলির তুলনামূলক বিবরণী বিশ্লেষণ করে দেখা যায় যে, প্রাপ্ত ০৩ (তিন) টি দরপত্রের মধ্যে UPDATE Computer, Lal Dhighi, Rahman Tower, Jessore কর্তৃক দাখিলকৃত মূল্য তালিকা সর্বনিম্ন।

১. প্রাপ্ত ০৩(তিন) টি দরপত্রের মধ্যে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান UPDATE Computer, Lal Dhighi, Rahman Tower, Jessore এর দরপত্রটি সর্বসম্মতিক্রমে গৃহীত হল।

২. এ কমিটির সিদ্ধান্ত মোতাবেক গৃহীত দরদাতা প্রতিষ্ঠানকে নির্ধারিত মালামাল সরবরাহের জন্য আদেশ জারী করা যায় মর্মে উপজেলা সমবায় অফিসার, বাঘারপাড়া, যশোর মহোদয়কে অনুরোধ জানানোর জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ কামরুজ্জামান শিকদার)

সভাপতি
কম্পিউটার ক্রয় কমিটি

ও
উপজেলা নির্বাচন অফিসার

বাঘারপাড়া, যশোর।


তারিখ : ০২/৩/২০২০ খ্রিঃ।

স্মারক নং- ৪৭

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. উপজেলা সমবায় অফিসার, বাঘারপাড়া, যশোর। গৃহীত দরদাতা প্রতিষ্ঠানকে নির্ধারিত মালামাল সরবরাহের আদেশ জারী করার জন্য আপনাকে অনুরোধ জানানো হল।

২. অফিস নথি।


সভাপতি

কম্পিউটার ক্রয় কমিটি

ও

উপজেলা নির্বাচন অফিসার

বাঘারপাড়া, যশোর।